



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

### ১। মার্কেটিং বিভাগ

ল্যাব: সহকারি (পুনঃবিজ্ঞপ্তি) টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স-এ ন্যূনতম স্নাতক ডিগ্রিদারী হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটারের উপর Hardware and Troubleshooting, Operating System, Microsoft Office Suite (Ms Word, Ms Excel, Ms Power Point etc), DBMS (Microsoft Access 97/2000, Oracle & i With Developer 6i)-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে এবং কম্পিউটার Programming Language-এর উপর (Microsoft Visual Basic, HTML/Dreamwaver, JavaScript with other essential tools for web page development, Internet & E-mail Operation, Network Administration Using Windows 2000 Server, Data analysis Spss)-এ জ্ঞান সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অফিসের কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ল্যাব-এর সাথে সম্পর্কিত ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। অধিকতর যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বেতন ছাড়াও অতিরিক্ত আর্থিক সুবিধা প্রদান করা যাইতে পারে। ইতিমধ্যে যাহারা ল্যাবঃ সহকারি পদে আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
---	-----------	--

### ২। জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগ

সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনের কোন ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	--


### ৩। পরিবহণ অফিস

ড্রাইভার টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে এস.এস.সি পাশসহ ড্রাইভিং-এ বি.আর.টি.এ-এর লাইসেন্সধারী হইতে হইবে। শিক্ষা জীবনের কোন ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
---	------------	---

আবেদনপত্রে কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ৩০-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ / ১৫-০৫-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র মার্কেটিং বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবহন ম্যানেজার-এর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

  
রেজিস্ট্রার